

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩৭. হাসুন-একটু ভাবুন

গতকাল যখন আপনি বিষন্নতার অভিজ্ঞতা লাভ করেছেন, তখন আপনার দুঃখিত হওয়ার কারণে আপনার অবস্থা একটুও ভালো হয়নি। আপনার ছেলে পরীক্ষায় ফেল করেছে আর আপনি বিষন্ন হয়ে গেছেন। তবুও কি আপনার বিষন্নতা সে যে ফেল করেছে- এ সত্য কথা বদলে দিতে পেরেছে? আপনার পিতা মারা গেছেন আর আপনি ভগ্ন হয়ে গেছেন। তবুও কি তা (আপনার মনমরা ভাব) তার জীবন ফিরিয়ে দিতে পেরেছে? আপনার ব্যবসাতে লোকসান হয়েছে আর আপনি বিষগ্ন হয়ে আছেন। আপনার বিষপ্নতা কি আপনার লোকসানকে লাভে পরিণত করে আপনার অবস্থাকে পরিবর্তিত করে দিয়েছে?

বিষন্ন হবেন না: কোন দুর্যোগের কারণে আপনি মনমরা হয়ে গেলেন। এমনটি করে আপনি অতিরিক্ত দুর্বিপাকের সৃষ্টি করলেন। আপনি দরিদ্রতার কারণে হতাশ হয়ে গেলেন আর এতে শুধু আপনার অবস্থার তিক্ততাই বাড়বে। আপনাকে লক্ষ্য করে আপনার শক্ররা যা বলেছে, তাতে আপনি বেজার হয়ে গেলেন। এই মানসিক অবস্থায় পৌছে আপনি অজ্ঞাতভাবে আপনাকে আক্রমণ করার জন্য তাদেরকে সাহায্য করলেন। একটি বিশেষ দুর্ঘটনার আশঙ্কা করার কারণে আপনি গোমরামুখ হয়ে গেলেন, অথচ কখনও তা নাও ঘটতে পারে।

দুশ্চিন্তাগ্রস্ত হবেন না : সত্যি বলতে কি, একটি বিশাল অট্টালিকা আপনাকে হতাশার কুপ্রভাব থেকে রক্ষা করতে পারবে না। এমনকি একজন সুন্দরী স্ত্রীও না, প্রচুর সম্পদও না এবং মেধাবী সন্তান-সন্ততিরাও না।

দুঃখিত হবেন না : বিষন্নতা ও হতাশার কারণে আপনি বিশুদ্ধ পানিকে বিষ, গোলাপকে ফনীমনসা, বিলাসবহুল বাগানকে উষর মরুভূমি এবং বিশাল পৃথিবীতে বাস করা সত্ত্বেও আপনি এক দুঃসহ জেলখানায় আছেন ভাবতে বাধ্য হবেন।

হতাশ হবেন না : আপনার দু'টি কান, দুটি চোখ, দুটি হাত, দুটি পা, একটি জিহ্বা, একটি হৃদয়, শান্তি, নিরাপত্তা ও একটি স্বাস্থ্যবান শরীর আছে।

"অতএব, হে জ্বীন ও ইনসান জাতি, তোমরা উভয়ে তোমাদের প্রভুর কোন কোন অবদানকে অস্বীকার করবে?" (৫৫-সূরা আর রাহমান: আয়াত-১৩)

ব্যথিত হবেন না: নির্ভর করার মতো আপনার একটি ধর্ম আছে। বসত বাড়ি, খাদ্য পানীয়, পোশাক ও যার কাছে সান্থনা পাবেন এমন একজন স্ত্রী আছে, তবে কেন বিষন্নতা?



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন